

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

সভাপতি মো: নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
সভার তারিখ ২২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময় বেলা ১১.০০ টা
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হল।

“সভার অলোচ্য বিষয়সমূহ”


০১। নিজ অফিসের উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ ও ডিজিটাইজ সেবা;

০২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;

০৩। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপস্থিত সকলের অংশগ্রহণে পুঙ্খানুপুঙ্খ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	০৮ নভেম্বর’২১ তারিখের কার্যবিবরণী গবেষণা কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং বিষয়গুলো আলোচনা ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী পাঠান্তে তা দৃষ্টীকরণ করা হয় এবং সে অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।	ইনোভেশন টিম
২.	নিজ অফিসের উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ ও ডিজিটাইজ সেবা	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ অনুযায়ী এ ইনস্টিটিউটের জন্য উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নির্বাচিত তিনটি আইডিয়া নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত তিনটি আইডিয়া বাস্তবায়নের জন্য নির্বাচন করা হয়। ক) ১.১.১ অনুযায়ী একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের আওতায় -প্রাথমিক চিকিৎসার জন্য মেডিক্যাল সেন্টার স্থাপন এবং খ) ১.২.১ অনুযায়ী একটি সেবা সহজীকরণের আওতায় -প্রশিক্ষার্থীদের পাঠ্যধারায় অংশগ্রহণের জন্য আবেদন এবং গ) ১.৩.১ অনুযায়ী ন্যূনতম একটি সেবা ডিজিটাইজড এর আওতায়- পাঠ্যধারায় সম্পদব্যক্তির মূল্যায়ন অনলাইনে Google Form এর মাধ্যমে সম্পাদন।	ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে প্রাপ্ত আইডিয়াগুলোর মধ্যে নির্বাচিত আইডিয়া দুইটি যথা: ক) ১.১.১ অনুযায়ী একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের আওতায় - প্রাথমিক চিকিৎসার জন্য মেডিক্যাল সেন্টার স্থাপন এবং খ) ১.৩.১ অনুযায়ী ন্যূনতম একটি সেবা ডিজিটাইজড এর আওতায়- পাঠ্যধারায় সম্পদব্যক্তির মূল্যায়ন অনলাইনে Google Form এর মাধ্যমে সম্পাদন বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিয়ে উদ্যোগগুলো যথাসময়ে দ্রুত বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম






চলমান পাতা

১.	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিজ নিজ অধিক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক ২য় প্রশিক্ষণ গত ১৭.১১.২০২১ তারিখ অনুষ্ঠিত হয় এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অবহিতকরণ ২য়টি ২৪.১১.২০২১ কর্মশালা অনুষ্ঠিত হয়। নিজ নিজ অধিক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক ৪টি প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অবহিতকরণ ৪টি সেমিনার/কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	৩য় ত্রৈমাসিক সময়ে নির্ধারিত প্রশিক্ষণগুলো যথাসময়ে আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
৪.	উদ্ভাবন খাতে বরাদ্দ	উদ্ভাবন খাতে (কোড নং ৩২৫৭১০৫) বরাদ্দ বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে উপ-পরিচালক (অর্থ) জানান উদ্ভাবন খাতে কোড খোলা হয়েছে।	উদ্ভাবন খাতের কোডে দ্রুত বরাদ্দ আনতে হবে।	উপ-পরিচালক (অর্থ)
৫.	ওয়েবসাইট হালনাগাদকরণ	ইনস্টিটিউটের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশযোগ্য সকল তথ্য যথাসময়ে প্রকাশ করতে হবে এবং সকল সেবাবক্স হালনাগাদ রাখতে হবে।	আইসিটি শাখা
৬.	ই-নথি কার্যক্রম	ইনস্টিটিউটের ই-নথির কার্যক্রম বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে মতামত তুলে ধরা হয়।	ইনস্টিটিউটের ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য সমন্বয় সভায় একটি প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব দিতে হবে।	ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: নজরুল ইসলাম
পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ও
ইনোভেশন অফিসার

ফোন: ৫৫০৭৯৪৩৩

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.২৫৯.২১. ১৫১৬ (২)

তারিখ: ২৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সমপ্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৪) উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৫) উপ-পরিচালক (অর্থ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৬) গবেষণা কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৭) মহাপরিচালক মহোদয়ের পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল/প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান) এর পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল/প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান) এর সদয় অবগতির জন্য)।
- ৯) অফিস নথি।